

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।  
(আইসিটি শাখা)  
www.sylhet.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০২৪.২৩.০০১.১৮. ৫৪

তারিখ : ২৩ মাঘ ১৪২৪  
০৫ ফেব্রুয়ারি ২০১৮


বিষয় : জেলা পর্যায়ে “ডিজিটাল উত্তাবনী মেলা ২০১৮” উপলক্ষ্যে স্টল স্থাপন, র্যালি এবং কুইজ প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ

সূত্র : এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের “ডিজিটাল উত্তাবনী মেলা ২০১৮” এর নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের নির্দেশনা মোতাবেক সিলেট জেলায় ডিজিটাল উত্তাবনী মেলা আগামী ১১-১৩ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ ০৩ (তিন) দিনব্যাপি সিলেট স্টেডিয়াম সংলগ্ন মোহাম্মদ আলী জিমনেসিয়ামে অনুষ্ঠিত হবে। মেলায় সাধারণ মানুষদের জন্য বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত সরকারের ডিজিটাল উন্নয়ন কার্যক্রম প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্যাভিলিয়ন- ৪ বরাদ্দ রাখা হয়েছে। উক্ত প্যাভিলিয়নে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা বিষয়ক উত্তাবন এবং এটুআই-এর শিক্ষা সংশ্লিষ্ট উত্তাবনী উদ্যোগসমূহ এ প্যাভিলিয়নে উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছে (সংযুক্ত এটুআই-এর শিক্ষা সংক্রান্ত নির্দেশনা)।

২। ডিজিটাল উত্তাবনী মেলায় এটুআই-এর শিক্ষা সংক্রান্ত নির্দেশনার আলোকে স্টল স্থাপন, র্যালি এবং কুইজ প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০১ (এক) পাতা।

  
(আবু সাফিয়াৎ মুহাম্মদ শীহে দুলা ইসলাম)  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
সিলেট।

ফোন- ০৮২১-৭২২৭১৬

ই-মেইল- adcictsyhet@yahoo.com

১। জেলা শিক্ষা অফিসার, সিলেট।

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।

অনুলিপি:

০১। গোপনীয় সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।